



সিটিজেন চার্টার

মাদারীপুর জেলা কারাগার



বন্দীর সাথে দেখা সাক্ষাতের নিয়মাবলী

- ১। ডিটেন্যু ও নিরাপদ হেফাজতী বন্দীদের সাথে দেখা করতে হলে সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও বিজ্ঞ আদালতের অনুমতি প্রয়োজন।
- ২। দেখা-সাক্ষাৎ সর্বোচ্চ ১০ (দশ) মিনিটের মধ্যে শেষ করতে হবে। বন্দীর আত্মীয়-স্বজনরা হাজতী/ কয়েদী বন্দীর সাথে ১৫ দিন অন্তর অন্তর একবার করে দেখা করতে পারবেন এবং সর্বোচ্চ ০১ (এক) জন বন্দীর সাথে দেখা করতে পারবেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দীর মাসে ০১ বার সাক্ষাৎ করতে পারবেন।
- ৩। একজন বন্দি সপ্তাহে ০১ দিন তার স্ত্রী/বাবা/মা/সন্তান এর সাথে নিধারিত মোবাইল নাম্বারে ০৫ (পাঁচ) মিনিট কথা বলতে পারবেন।
- ৪। বন্দীদের সাথে দেখা-সাক্ষাৎ করার জন্য কোন প্রকার টাকা-পয়সা লেনদেন নিষিদ্ধ। কাহাকেও টাকা দিবেন না, কেউ টাকা দাবী করলে নিম্নলিখিত মোবাইল ও টেলিফোন নাম্বারে জানাতে পারেন অথবা অনুসন্ধানে রক্ষিত অভিযোগে রেজিস্টারে লিপিবদ্ধ করতে পারেন।
- ৫। মোবাইল বা যে কোন নিষিদ্ধ দ্রব্য নিয়ে সাক্ষাৎ কক্ষে প্রবেশ করা যাবে না।
- ৬। মোবাইল জমা রাখার জন্য নির্দিষ্ট স্থান নির্ধারিত রয়েছে। নির্ধারিত স্থানে আপনার মোবাইলটি জমা রাখুন।
- ৭। সাক্ষাৎ করার জন্য আবেদনপত্র দাখিল করতে হয়। আপনি যদি আবেদন পত্র লিখতে না পারেন তাহলে সাক্ষাৎ কক্ষের পার্শ্বে কর্তব্যরত কারারক্ষীর নিকট হতে আবেদন পত্র সংগ্রহ করে সাক্ষাৎ কক্ষে প্রবেশ করুন।
- ৮। সাক্ষাৎ প্রার্থীদের সহজ ও ন্যায্যমূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের জন্য সাক্ষাৎকক্ষের সামনে ক্যান্টিন রয়েছে। ক্যান্টিনে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ন্যায্য মূল্যে বিক্রয় হচ্ছে। আপনি ক্যান্টিন থেকে মালামাল ক্রয় করে বন্দীকে সরবরাহ করতে পারেন। মালামাল ক্রয়ের জন্য দাম বেশি রাখলে বা ওজনে কম দিলে নিম্নলিখিত নাম্বারে জানাতে পারেন অথবা অনুসন্ধানে রক্ষিত আপনার অভিযোগটি লিখে অভিযোগ বাক্সে ফেলুন।

পিসির টাকা জমার নিয়মাবলী

- ১। এখানে পিসির টাকা জমা নেয়া হয়।
- ২। পিসির টাকা জমা দেয়ার জন্য কোন আবেদন প্রয়োজন হয় না।
- ৩। পিসির টাকা গ্রহণের নির্ধারিত স্থানে টাকা জমা করুন। অন্য কারো কাছে টাকা জমা দিবেন না।
- ৪। পিসির টাকা জমা দানের ব্যাপারে কোন বাড়তি টাকার প্রয়োজন হয় না। যদি কেহ পিসির টাকা জমা দেয়ার ব্যাপারে অহেতুক সময় ক্ষেপন বা কোন রকম অসুবিধা বা টাকা দাবী করে তবে তাৎক্ষণিকভাবে নিম্নলিখিত টেলিফোন নাম্বারে জানান অথবা অনুসন্ধানে রক্ষিত আপনার অভিযোগটি লিখে অভিযোগ বাক্সে ফেলুন।
- ৫। আপনার বন্দীর পিসির টাকা জমা দেওয়ার সময় বন্দীর নাম ও ঠিকানা সঠিক ভাবে বলুন এবং পিসি নাম্বার জেনে সঠিক নাম্বারে টাকা জমা দিন।
- ৬। প্রতিদিনই নির্ধারিত সময়ের মধ্যে পিসিতে টাকা জমা দিতে পারবেন।
- ৭। তবে আপনি ইচ্ছা করলে ডাকযোগে মানি অর্ডারের মাধ্যমে পিসির টাকা জমা করতে পারেন।
- ৮। বিকাশের এই নাম্বার ০১৭০১- ৬৭৮৫০৯ এর মাধ্যমে টাকা জমা করতে পারবেন। (পিসিতে জমাকৃত টাকা দ্বারা বন্দীগণ কারাভ্যন্তরের ক্যান্টিন থেকে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ও খাদ্যদ্রব্য বাজার মূল্যে ক্রয় করতে পারেন।)

জেলা সুপার টেলিফোন নং- ০২৪৭-৮৮১০১৫০, মোবাইল নং-০১৭৬৯-৯৭০২৮০

জেলার টেলিফোন নং- ০২৪৭-৮৮১১৩৫৩, মোবাইল নং-০১৭৬৯-১৯৭৩১৮১



সিটিজেন চার্টার



মাদারীপুর জেলা কারাগার

ওকালতনামা স্বাক্ষরের নিয়মাবলী

- ১। ওকালতনামা নির্দিষ্ট বাক্সে জমা দিন।
- ২। বন্দির পূর্ণ ঠিকানা এবং মামলা বৃত্তান্ত সঠিকভাবে লিখে ওকালতনামা বাক্সে ফেলুন।
- ৩। ১ ঘন্টা অন্তর অন্তর ওকালতনামা বাক্স খুলে বন্দির স্বাক্ষরান্তে আইনজীবী, আত্মীয় স্বজনের নিকট হস্তান্তর করা হয়। নির্দিষ্ট সময়ের মধ্যে ওকালতনামা ফেরত না পেলে অনুসন্ধানে বা রিজার্ভ গার্ডে কর্তব্যরত প্রধান কারারক্ষীর নিকট অথবা নিম্নে উল্লেখিত টেলিফোন নাম্বারে অবহিত করুন। ওকালতনামা স্বাক্ষরের জন্য কোন প্রকার টাকা-পয়সা লেনদেন করবেন না। কেহ ওকালতনামা স্বাক্ষরের জন্য আপনার কাছে টাকা দাবি করলে কর্তব্যরত প্রধান কারারক্ষী অথবা নিম্নলিখিত টেলিফোন নাম্বারে জানাতে পারেন অথবা অনুসন্ধানে রক্ষিত আপনার অভিযোগটি লিখে অভিযোগ বাক্সে ফেলুন।

জামিন সংক্রান্ত নিয়মাবলী

- ১। জামিনে মুক্তিযোগ্য বন্দিদের তালিকা এল,ই,ডি ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত হচ্ছে।
- ২। জামিন নামা কারাগারে পৌঁছানোর ব্যাপারে নিশ্চিত হওয়া সত্ত্বেও এল,ই,ডি ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত জামিন তালিকায় আপনার বন্দির নামটি খুঁজে দেখুন। নাম না থাকলে অনুসন্ধানে খবর নিন।
- ৩। যে সব বন্দির জামিন নামায় ভুল আছে তাদের তালিকা ও এল,ই,ডি ডিসপ্লে বোর্ডে প্রদর্শিত হচ্ছে। জামিননামা বিলম্বে আসার কারণে যে সকল বন্দি আজ মুক্তি পাচ্ছে না। তাদের আগামীকাল সকালে মুক্তি প্রদান করা হবে। তাই অহেতুক অপেক্ষা না করে আগামীকাল আসুন। লাউড স্পিকারের ঘোষণা অনুযায়ী কোন বন্দি নির্ধারিত সময়ে মুক্ত না হলে অনুসন্ধানে যোগাযোগ করুন।
- ৪। বন্দি মুক্তির জন্য কোন অর্থের প্রয়োজন হয় না। যদি কেহ অর্থ দাবী করে বা অর্থের বিনিময়ে জামিন হরাসিত করে দেবে বলে আশ্বাস দেয় তবে তাৎক্ষণিকভাবে বিষয়টি জেলার / জেল সুপার এর টেলিফোন নাম্বারে জানাতে পারেন অথবা অনুসন্ধানে রক্ষিত আপনার অভিযোগটি লিখে অভিযোগ বাক্সে ফেলুন।
- ৫। বন্দি মুক্তির বিষয়টি আধা ঘন্টা পর পর লাউড স্পিকারের মাধ্যমে ঘোষণা করা হচ্ছে। আপনার বিষয়টি জেনে নিন এবং তদানুযায়ী কাজ করুন।

জেল সুপার টেলিফোন নং- ০২৪৭-৮৮১০১৫০, মোবাইল নং-০১৭৬৯-৯৭০২৮০

জেলার টেলিফোন নং- ০২৪৭-৮৮১১৩৫৩, মোবাইল নং-০১৭৬৯-১৯৭৩১৮১